



সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট

www.scc.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি



স্মারক নং ৪৬.০৭.০০০০.০০৪.১১.০০১.১৯-২৩২


তারিখ: ১৪/০২/২০২১ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখার ০৮ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.২৯.২৮৬.১৩-১২৭০ নং স্মারকের ছাড়পত্র অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে খ-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যারা ইতোপূর্বে আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

দরখাস্ত দাখিলের শর্তাবলী

ক্রমিক নং	পদের নাম	শ্রেণী	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল (২০১৫ সনের জাতীয় বেতন স্কেল)	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১	নগর পরিচালক(নাবিদ)	১ম শ্রেণী	০১	২২০০০-৫৩০৬০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে টাউন প্লানিং/আরবান ও রিজিওনাল প্লানিং/আর্কিটেকচার স্নাতক ডিগ্রী
২	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	১ম শ্রেণী	০১	২২০০০-৫৩০৬০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যন্ত্র কৌশল ইঞ্জিনিয়ারিং স্নাতক ডিগ্রী
৩	পরিচ্ছন্ন কর্মকর্তা	১ম শ্রেণী	০১	২২০০০-৫৩০৬০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (এনভায়রনমেন্টাল)/পরিবেশ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী
৪	মেডিকেল অফিসার	১ম শ্রেণী	০২	২২০০০-৫৩০৬০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস পাস
৫	ডাটেনারী সার্জন	১ম শ্রেণী	০১	২২০০০-৫৩০৬০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ডাটেনারীতে স্নাতক ডিগ্রী
৬	শিক্ষা/সংস্কৃতি/পাঠাগার ও সমাজকল্যাণ কর্মকর্তা	২য় শ্রেণী	০১	১৬০০০-৩৮৬৪০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী
৭	লাইব্রেরিয়ান	২য় শ্রেণী	০১	১৬০০০-৩৮৬৪০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর/স্নাতকোত্তর ডিগ্রীসহ গ্রন্থাগারিক বিজ্ঞান কোর্সে সনদগ্রন্থ হইতে হইবে
৮	নার্স	৩য় শ্রেণী	০২	১২৫০০-৩০২৩০	৩০	৩ বছর মেয়াদী নার্সিং ডিপ্লোমা পাস
৯	কমিউনিটি কর্মী	৩য় শ্রেণী	০২	১১০০০-২৬৫৯০	৩০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী
১০	কম্পাউটার	৩য় শ্রেণী	০১	৯৭০০-২৩৪৯০	৩০	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পাউটারশীপ পাস বা ফার্মাসিস্ট কোর্সে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপ্রাপ্ত। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার
১১	ক্যামেরাম্যান	৩য় শ্রেণী	০১	৯৩০০-২২৪৯০	৩০	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ছবি তোলা, ডেভেলপ ও প্রিন্টিং এর কাজে ৪ বছরের অভিজ্ঞতা

- শর্তাবলী**
- প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত মেয়র, সিলেট সিটি কর্পোরেশন বরাবরে আগামী ১১/০৩/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
 - প্রার্থীদের দরখাস্ত (ক) নাম, (খ) পিতা/খামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) জন্ম তারিখ, (চ) বয়স ০১/১০/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ১৮ থেকে ৩০ বছর হতে হবে এবং (ছ) শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখ করতে হবে।
 - মুক্তিযোদ্ধা সন্তান, প্রতিবন্ধী ও উপজাতীয়দের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এক্ষেত্রেই গ্রহণ করা হবে না।
 - মুক্তিযোদ্ধা সন্তান, প্রতিবন্ধী ও উপজাতীয়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
 - দরখাস্তের সাথে (ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (গ) সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
 - সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
 - দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) সমন্বিত ৮/- টাকা মূল্যমানের ডাকটিকেট সংশ্লিষ্ট একটি ১০.৫"-৪.৫" বাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - আবেদনপত্রের খামের উপর স্পষ্ট করে পদের নাম উল্লেখ করতে হবে।
 - অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
 - লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, ২য় শ্রেণীর পদের ক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা, ৩য় শ্রেণীর পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য), মেয়র, সিলেট সিটি কর্পোরেশন-এর বরাবরে সংযুক্ত করে পাঠাতে হবে।
 - আবেদনপত্রের বর্ণিত যে কোন তথ্য কোন পর্যায়ে ভুল/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।


 (ফাহিমা ইয়াসমিন)
 সচিব
 ও
 সদস্য সচিব
 নিয়োগ বাছাই কমিটি
 সিলেট সিটি কর্পোরেশন